দৈনিক ইত্তেফাক

30

তারিখ [illegible] APR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# পরীক্ষায় দুর্নীতি উচ্ছেদে সরকার দৃঢ় প্রতিজ্ঞ

—শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং জেলা প্রশাসকদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সম্প্রতি অনুষ্ঠিত এস এস সি

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## শেখ শহীদ

(১ম পৃ: পর)

পরীক্ষার মূল্যায়ন এবং সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ভবিষ্যৎ কর্মপন্থা গ্রহণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় সভাপতির ভাষণে শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষায় নকল প্রবণতা রোধে বর্তমান সরকারের পূর্ণ রাজনৈতিক সদিচ্ছা রহিয়াছে। সরকারের পরীক্ষার ক্ষেত্রে সকল প্রকার দুর্নীতি উচ্ছেদে দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি বলেন, ভবিষ্যতে নকল প্রবণতার যে অংশটুকু এখনও বিদ্যমান রহিয়াছে তাহাও নির্মূল করিতে হইবে। এজন্য প্রয়োজন ছাত্র-শিক্ষক, অভিভাবক ও প্রশাসনের সম্মিলিত উদ্যোগ।

তিনি বলেন, পরীক্ষায় নকল প্রবণতা দূর করিতে সক্ষম না হইলে ছাত্র-ছাত্রীদেরকে শ্রেণী কক্ষে মনোযোগী করা সম্ভব হইবে না এবং তাহারা লেখাপড়ার প্রতি মনোনিবেশ না করিয়া বিভিন্ন অসামাজিক কার্যকলাপে লিপ্ত হইয়া পড়িবে। শিক্ষা সচিব হেদায়েত আহমেদও সভায় বক্তৃতা করেন। তথ্য বিবরণী।